বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট: www.berc.org.bd।

নম্বর: ২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২২.৪২৪৩ তারিখ: ০২ অক্টোবর ২০২২

অক্টোবর ২০২২ এর জন্য ভোক্তাপর্যায়ে এলপিজি'র মূল্য সমন্বয় সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি
(শুধুমাত্র Saudi CP অক্টোবর ২০২২ এর ভিত্তিতে)

রীট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের আদেশ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে শুনানিঅন্তে কমিশন কর্তৃক এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ করে ১২ এপ্রিল ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ জারি করা হয়। পরবর্তীতে বেসরকারি এলপিজি লাইসেন্সীগণের আবেদন/প্রস্তাবের পরিপ্রেক্ষিতে শুনানিঅন্তে বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় করে ১০ অক্টোবর ২০২১ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ জারী করা হয়। উক্ত আদেশের অনুচ্ছেদ ৯.৫ এ বর্ণিত কমিটি সৌদি আরামকো কর্তৃক ঘোষিত অক্টোবর ২০২২ মাসের Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে অক্টোবর ২০২২ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে সুপারিশ সংবলিত প্রতিবেদন ০২ অক্টোবর ২০২২ তারিখে কমিশনে দাখিল করে। বর্ণিত আদেশের অনুচ্ছেদ ৯.৫ অনুযায়ী কমিটি'র উক্ত প্রতিবেদনের ওপর ০২ অক্টোবর ২০২২ তারিখে কমিশন শুনানি গ্রহণ করে। উক্ত শুনানিতে কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন উপস্থাপন, বক্তব্য শ্রবণ এবং প্রাপ্ত দলিলাদি পর্যালোচনা ও বিশ্লেষণান্তে ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ অনুযায়ী অত্র কমিশন কর্তৃক বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হয়েছে, যথা:-

(ক) অক্টোবর ২০২২ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৫৯০ মার্কিন ডলার এবং ৫৬০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৭০.৫০ মার্কিন ডলার হিসেবে-

(i) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য **প্রতি কেজি ৯৩.৭৬ টাকায়** এবং মূসকসহ মূল্য **প্রতি কেজি ১০০.০১ টাকায়** সমন্বয় করা হয়েছে। সে অনুযায়ী রিটেইলার পয়েন্টে **ভোক্তাপর্যায়ে প্রতি ১২ কেজি বোতলজাতকৃত এলপিজি'র মুসকসহ মূল্য ১,২০০/- টাকায় সমন্বয় করা হয়েছে।** এছাড়া ৫.৫, ১২.৫, ১৫, ১৬, ১৮, ২০, ২২, ২৫, ৩০, ৩৩, ৩৫ এবং ৪৫ কেজি বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য সমন্বয় করতঃ আদেশ প্রদান করা হয়েছে;

(ii) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য **প্রতি কেজি ৯০.৫৯** টাকায় এবং মূসকসহ মূল্য **প্রতি কেজি ৯৬.৭৮** টাকায় বা **রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ০.২০১৩ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২১৫০ টাকায়** সমন্বয় করতঃ আদেশ প্রদান করা হয়েছে; এবং

(iii) **ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ৫২.৭২ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ৫৫.৯২ টাকায়** সমন্বয় করতঃ আদেশ প্রদান করা হয়েছে।

(খ) সরকারি এলপিজি'র ইআরএল/আরপিজিসিএল পর্যায়ের মূল্য অপরিবর্তিত থাকায় এবং সরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের সাথে Saudi CP'র সংশ্লিষ্টতা না থাকায় সরকারি এলপিজি'র মূল্য অপরিবর্তিত থাকবে।

০২। Saudi CP'র ভিত্তিতে ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় সংক্রান্ত কমিশন আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮) ০২ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে।

০৩। ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। বেসরকারি এলপিজি'র (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত) ভোক্তাপর্যায়ের সমন্বয়কৃত মূল্য এবং অটোগ্যাসের ভোক্তাপর্যায়ের সমন্বয়কৃত মূল্য সংক্রান্ত বিজ্ঞপ্তি এতদসংঙ্গে সংযুক্ত করা হলো।

ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান খান
সচিব, বিইআরসি।
ফোন: ০২-৫৫০১৪০০৭